**জরুরী**
**ই-মেইল মারফত**


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ই-১৪/এক্স, আইসিটি টাওয়ার (৬ষ্ঠ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭
Web site: www.doict.gov.bd, Fax:+88-0255006827


স্মারক নং:-৫৬.০৪.০০০০.০০১.০১৮.০০১.১৫-৭০৪৭

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
০৫ জুন ২০১৮ খ্রি:

বিষয়: চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরে স্থাপিতব্য **"শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও শেখ রাসেল ডিজিটাল ক্লাশরুম"** এর জন্য শিক্ষা প্রতিষ্ঠানের চূড়ান্ত তালিকা প্রেরণ ও সহযোগিতা চুক্তিনামা স্বাক্ষর প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং:-৫৬.০৪.০০০০.০০১.০১৮.০০১.১৫-৪৯৮৭ ; তারিখঃ ০৮ মার্চ ২০১৮খ্রি:

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরে স্থাপিতব্য ১১০০টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও ৬০টি প্রাথমিক বিদ্যালয়ে শেখ রাসেল ডিজিটাল ক্লাশরুম স্থাপনের জন্য শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে। চূড়ান্ত তালিকা অনুযায়ী প্রতিটি নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে সহযোগিতা চুক্তি স্বাক্ষরের ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসককে অনুরোধ করা হলো। উল্লেখ্য, উপরোক্ত স্মারক অনুযায়ী নির্বাচিত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে বিদ্যুৎ সংযোগ না থাকা, অবকাঠামোগত সুবিধার অভাব, ইতোপূর্বে সরকার প্রদত্ত ল্যাব যা সচল রয়েছে এবং আইসিটি/কম্পিউটার শিক্ষক না থাকায় তালিকা সংশোধন হতে পারে মর্মে প্রত্যেক জেলা প্রশাসকের মাধ্যমে তালিকাটি যাচাই সম্পন্ন করা হয়। সে মতে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/ ইউএনও/ ডিইও/ ইউএসইও কর্তৃক স্থানীয় মাননীয় এমপি মহোদয়গণের সাথে আলোচনা ও সুপারিশের ভিত্তিতে আইসিটি বিভাগ এবং মাননীয় মন্ত্রী ও মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তরের সাথে আলোচনার আলোকে শিক্ষা প্রতিষ্ঠানের তালিকাটি আংশিক সংশোধিত হয়।

**বর্তমান তালিকা অনুযায়ী নির্বাচিত কোন শিক্ষা প্রতিষ্ঠানে বিদ্যুৎ সংযোগ না থাকা, অবকাঠামোগত সুবিধার অভাব ও ইতোপূর্বে সরকার প্রদত্ত ল্যাব যা সচল রয়েছে এবং আইসিটি/কম্পিউটার শিক্ষক না থাকলে তালিকা সংশোধিত হতে পারে; এ প্রেক্ষিতে অন্য কোন যোগ্য প্রতিষ্ঠানের নাম সুপারিশ করে অতিসত্ত্বর প্রকল্প দপ্তরে (ই-মেইল sheikhrusseldigitallab@gmail.com যোগে) প্রেরণের অনুরোধ জানানো হল।**

সংশোধিত চূড়ান্ত তালিকা অনুযায়ী নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ প্রকল্প দপ্তরের সহিত নমুনা চুক্তিনামা অনুযায়ী (কপি সংযুক্ত) ৩০০(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি সহযোগিতা চুক্তিনামা স্বাক্ষর করবেন। উল্লেখ্য, স্মারক নং-৫৬.০৪.০০০০.০০১.০১৮.০০১.১৫-৪২৬৬ মূলে ১৪ জুন ২০১৭ খ্রিঃ তারিখে প্রকাশিত ৬৯ টি শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা এতদসঙ্গে পুনরায় প্রেরণ করা হলো এবং বর্তমান তালিকা ও নমুনা চুক্তিনামা অনুযায়ী সহযোগিতা চুক্তিনামা স্বাক্ষর সম্পন্ন করার অনুরোধ করা হলো।

ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদিত চূড়ান্ত তালিকা অনুযায়ী নমুনা চুক্তিনামার কপি নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণের ব্যবস্থা গ্রহণ পূর্বক স্বাক্ষরান্তে চুক্তিনামার মূল কপি আগামী ২৮/০৬ /২০১৮খ্রিঃ তারিখের মধ্যে প্রকল্প দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে "শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও শেখ রাসেল ডিজিটাল ক্লাশরুম" স্থাপনের কাজ যথাযথ ভাবে সম্পন্নের জন্য সার্বিক সহযোগিতা একান্ত প্রয়োজন।

চূড়ান্ত তালিকাটি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ওয়েবসাইটে (www.doict.gov.bd) প্রকাশ করা হল। ল্যাব স্থাপনে সার্বিক সহযোগিতার জন্য আপনার অধীনে কর্মরত জেলা/উপজেলায় নিয়োজিত সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১। সংশ্লিষ্ট জেলার নির্বাচিত চূড়ান্ত তালিকা।
২। চুক্তিনামার নমুনা কপি ও সাইনবোর্ডের নমুনা কপি।

5/6/2017


(ড. মোঃ শাহাদাৎ হোসেন)
প্রকল্প পরিচালক(যুগ্ম সচিব)
ফোন-০২-৫৫০০৬৮২৫/২৬
ই-মেইল: sheikhrusseldigitallab@gmail.com


জেলা প্রশাসক,
ঢাকা/ফরিদপুর/গাজীপুর/গোপালগঞ্জ/মানিকগঞ্জ/মুন্সীগঞ্জ/নারায়নগঞ্জ/নরসিংদী/শরীয়তপুর/শেরপুর/ময়মনসিংহ/নেত্রকোণা/রাজবাড়ী/টাঙ্গাইল/জামালপুর/কিশোরগঞ্জ/মাদারীপুর/বান্দরবান/রাঙ্গামাটি/খাগড়াছড়ি/চট্টগ্রাম/কক্সবাজার/কুমিল্লা/ব্রাহ্মণবাড়িয়া/ফেনী/চাঁদপুর/লক্ষ্মীপুর/নোয়াখালী/সিলেট/সুনামগঞ্জ/মৌলভিবাজার/হবিগঞ্জ/বাগেরহাট/চুয়াডাঙ্গা/যশোর/ঝিনাইদাহ/খুলনা/কুষ্টিয়া/মাগুরা/মেহেরপুর/নড়াইল/সাতক্ষীরা/বরিশাল/ভোলা/বরগুনা/ঝালকাঠি/পিরোজপুর/পটুয়াখালী/বগুড়া/চাঁপাইনবাবগঞ্জ/জয়পুরহাট/নওগাঁ/নাটোর/পাবনা/রাজশাহী/সিরাজগঞ্জ/দিনাজপুর/গাইবান্ধা/কুড়িগ্রাম/লালমনিরহাট/নীলফামারী/পঞ্চগড়/রংপুর/ঠাকুরগাঁও।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (দৃষ্টি আকর্ষনে: সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা-২)(চূড়ান্ত নির্বাচিত ১১৬০টি শিক্ষা প্রতিষ্ঠানের তালিকাসহ)।
২) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (চূড়ান্ত নির্বাচিত ১১৬০টি শিক্ষা প্রতিষ্ঠানের তালিকাসহ)।
৩) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (চূড়ান্ত নির্বাচিত ১১৬০টি শিক্ষা প্রতিষ্ঠানের তালিকাসহ)।

অপর পৃষ্ঠা

৪) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা (চূড়ান্ত নির্বাচিত ১১৬০টি শিক্ষা প্রতিষ্ঠানের তালিকাসহ)।
৫) পরিচালক(অর্থ ও প্রশাসন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর(চূড়ান্ত নির্বাচিত ১১৬০টি শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬) পরিচালক, ব্যানবেইজ (চূড়ান্ত নির্বাচিত ১১৬০টি শিক্ষা প্রতিষ্ঠানের তালিকাসহ)।
৭) সহকারী প্রকল্প পরিচালক, সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প।
৮) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ডাক,টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য চূড়ান্ত নির্বাচিত ১১৬০টি শিক্ষা প্রতিষ্ঠানের তালিকাসহ)।
৯) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য চূড়ান্ত নির্বাচিত ১১৬০টি শিক্ষা প্রতিষ্ঠানের তালিকাসহ)।
১০) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সকল জেলা।
১১) জেলা শিক্ষা কর্মকর্তা, সকল জেলা।
১২) উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
১৩) জেলা প্রোগ্রামার ও উপজেলা সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সকল উপজেলা/জেলা।
১৪) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প।
১৫) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকতা, সকল উপজেলা ।
১৬) নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল)।
১৭) অফিস কপি।

৫/৬/২০১৮

(ড. মোঃ শাহাদাৎ হোসেন)
প্রকল্প পরিচালক(যুগ্ম সচিব)
ফোন-০২-৫৫০০৬৮২৫/২৬
ই-মেইলঃ sheikhrusseldigitallab@gmail.com